

নগর নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক ॥ আনিসুল, খোকন ও নাছিরই দল সমর্থিত প

প্রকাশিত : ০৭ :৫৬, ২৬ মার্চ ২০১৫

নগর নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক ॥ আনিসুল, খোকন ও নাছিরই দল সমর্থিত প

বিশেষ প্রতিনিধি ॥ তিন সিটি কর্পোরেশনের নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী আনিসুল হক, সাঈদ খোকন ও আ জ ম নাছিরের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য দলের সর্বস্তরের নেতাকর্মী ও সমর্থকদের প্রতি আহ্বান জানিয়েছেন দলটির সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিনভর গুঞ্জনের পর্দা উঠিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে আনিসুল হক এবং দক্ষিণে সাঈদ খোকনই যে আওয়ামী লীগের প্রার্থী তা স্পষ্ট করেই ঢাকা মহানগর আওয়ামী লীগের নেতাদের জানিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। বুধবার রাতে গণভবনে ঢাকা মহানগর আওয়ামী লীগ নেতাদের সঙ্গে বৈঠকে দলের এমন অবস্থানের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানিয়ে দিয়েছেন বলে উপস্থিত একাধিক নগর নেতা জনকণ্ঠে নিশ্চিত করেন। তবে বৈঠকে দেয়া নির্দেশনার কারণে কোন নেতাই আনুষ্ঠানিকভাবে এ ব্যাপারে মুখ খুলতে রাজি হননি। সূত্র জানায়, বৈঠকে মেয়র পদপ্রত্যাশী হাজী মোহাম্মদ সেলিমের সংসদ সদস্য হিসেবে কার্যকর ভূমিকার প্রশংসা করে তাঁর মূল্যায়নের বিষয়টি দলের ওপর ছেড়ে দেয়ার কথাও জানান শেখ হাসিনা। জানা গেছে, নগর নেতাদের সঙ্গে বৈঠকে দলের প্রতি হাজী মোহাম্মদ সেলিমের আনুগত্যের প্রশংসাও করেন প্রধানমন্ত্রী। মেয়র প্রার্থিতার জন্য হাজী সেলিমের এমপি পদ থেকে পদত্যাগের আবেদন ছিঁড়ে ফেলার পরামর্শ দিলে দলের স্বার্থে তা মেনে নেয়ায় তাঁর ভূয়সী প্রশংসাও করেন তিনি। সূত্র জানায়, বৈঠকে সিটি কর্পোরেশন নির্বাচনে ওয়ার্ডে একক কাউন্সিলর বাছাইয়ের নির্দেশ দিয়েছেন দলের সভানেত্রী শেখ হাসিনা। প্রয়োজনে আগ্রহী প্রার্থীদের সঙ্গে নগর নেতাদের সঙ্গে ধারাবাহিক বৈঠকেরও পরামর্শ দেন তিনি। এ ব্যাপারে প্রধানমন্ত্রী নগর নেতাদের মতামত জানতে চাইলে তাঁরা জানান, ঢাকা মহানগরের প্রতিটি ওয়ার্ডে একক প্রার্থী নিশ্চিত করতে অনেকের সঙ্গে আলোচনা করেই যোগ্য প্রার্থী বিবেচনায় একজনকে রেখে অন্যদের বুঝিয়ে নির্বাচন থেকে বিরত রাখা সম্ভব। এ ব্যাপারে নগর নেতারা ওয়ার্ড বা থানা পর্যায়ে যাঁরা সভাপতি-সাধারণ সম্পাদক পদে রয়েছেন তাঁদের নির্বাচন থেকে বিরত রাখলে একক প্রার্থী নির্বাচন সহজ হবে বলেও জানান প্রধানমন্ত্রীকে। নগর নেতাদের মত হচ্ছে, একই ব্যক্তি ওয়ার্ড পর্যায়ে দলীয় শীর্ষ পদে থাকার পরও নির্বাচনে কাউন্সিলর প্রার্থী হবেন, এমন হলে পদপ্রত্যাশী মাঠের যোগ্য ও ত্যাগী নেতাদের প্রতি অবিচার করা হবে। প্রধানমন্ত্রী নগর নেতাদের এ পরামর্শ শুনলেও চূড়ান্ত কোন সিদ্ধান্ত দেননি। সূত্র জানায়, এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী জানান, আমার কাছেও একাধিক জরিপে যোগ্য প্রার্থীদের একটি তালিকা রয়েছে। সবকিছু বিবেচনা

করেই একক প্রার্থী দেয়া হবে। আজ অথবা আগামীকাল গণভবনে সভানেত্রীর সঙ্গে ফের বৈঠকে বসবেন নগর নেতারা। ওই বৈঠকে কাউন্সিলর প্রার্থী চূড়ান্ত করা হতে পারে।